দৈনিক ইত্তেফাক

104

তারিখ 04 AUG 1989

পৃষ্ঠা 3 2

ডকুমেন্টেশন কেন্দ্র



ঠাকুরগাঁও : আখানগর ইউনিয়নের মাধবপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা গাছতলায় ক্লাস করিতেছে —ইত্তেফাক

# বিদ্যালয়ের দুরবস্থা ॥ ছাত্র-ছাত্রীদের লেখাপড়া ব্যাহত

জরাজীর্ণ ও বিধ্বস্ত স্কুলগৃহ মেরামতের অভাব, শিক্ষক স্বল্পতা, প্রয়োজনীয় আসবাবপত্র ও শিক্ষা উপকরণের অভাব, স্থান সংকুলান না হওয়া ইত্যাদি সমস্যার দরুন বিভিন্ন এলাকার শত শত বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া দারুনভাবে ব্যাহত হইতেছে। —খবর ইত্তেফাক সংবাদদাতাদের।

**ঠাকুরগাঁও :** ঠাকুরগাঁও জেলার সর্বমোট ৪১৮টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ১১০টি প্রাথমিক বিদ্যালয়ের কোনটির ঘর নাই, কোনটির বেড়া নাই, কোনটির চালা নাই। অনেক স্কুলে বর্ষাকালে ক্লাশ বন্ধ থাকে। ঠাকুরগাঁও সদর উপজেলার বিদ্যালয়গুলির অবস্থাই সবচেয়ে খারাপ।

**পাবনা :** পাবনা দক্ষিণ পূর্বাঞ্চলের বেড়া ও সুজানগর উপজেলায় প্রাথমিক বিদ্যালয়গুলি নানামুখী সমস্যায় জর্জরিত। শিক্ষক স্বল্পতা, চেয়ার, বেঞ্চ ও প্রয়োজনীয় শিক্ষা উপকরণের অভাবসহ জরাজীর্ণ বিদ্যালয় ভবনের মধ্যে ঠাসাঠাসি অবস্থায় বসিয়া শিক্ষার্থীদের পাঠ নিতে হইতেছে। দুইটি উপজেলায় ৪৭২টি প্রাথমিক বিদ্যালয় আছে। অধিকাংশ প্রাথমিক বিদ্যালয়েই ছাত্র-ছাত্রীদের স্থান সংকুলান হয় না।

**কালিয়াকৈর (গাজীপুর) :** কালিয়াকৈর প্রাথমিক বিদ্যালয়ে বসার বেঞ্চের অভাবে শতকরা ৬০

(৪থ পৃ: দ্র:)

## বিদ্যালয়ের দুরবস্থা

(৩য় পৃ: পর)

ভাগ ছাত্র-ছাত্রী মেঝেতে বসিয়া পাঠাভ্যাস করে।

**মানিকগঞ্জ :** গত ২৬শে এপ্রিলের টর্নেডোতে সাটুরিয়া, দৌলতপুর ও মানিকগঞ্জ সদর উপজেলার ১১টি হাইস্কুল, ৪টি মাদ্রাসা, ২টি কলেজ এবং ১৮৬টি সরকারী প্রাথমিক বিদ্যালয় সম্পূর্ণ অথবা আংশিক বিধ্বস্ত হয়। ইহাছাড়া গত ২৭শে মে'র ঘূর্ণিঝড়ে শিবালয়, হরিরামপুর, ঘিওর ও সিঙ্গাইর উপজেলার ১২টি প্রাথমিক বিদ্যালয় ক্ষতিগ্রস্ত হয়। ক্ষতিগ্রস্ত ও বিধ্বস্ত অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠান এখনও মেরামতের ব্যবস্থা না হওয়ায় ছাত্র-ছাত্রীদের লেখাপড়া ব্যাহত হইতেছে।

**দিনাজপুর :** চিরির বন্দর উপজেলার হরিহরপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়টি দীর্ঘদিন ধরিয়া সংস্কারবিহীন অবস্থায় পড়িয়া রহিয়াছে।

**পঞ্চগড় :** ১৯৮০ সালে পঞ্চগড় পৌর এলাকার জালাসীপাড়া গ্রামে প্রতিষ্ঠিত শাপলা বেসরকারী প্রাথমিক বিদ্যালয়টি গত ১১ই মে'র ঝড়ে বিধ্বস্ত হয়। বিদ্যালয়টি এখনও মেরামতের ব্যবস্থা হয় নাই।

**কালীগঞ্জ (গাজীপুর) :** কালীগঞ্জ উপজেলার সাওরাঈদ সরকারী প্রাথমিক বিদ্যালয় ভবনটি দীর্ঘদিন ধরিয়া ব্যবহারের অনুপযোগী হইয়া রহিয়াছে। বিপজ্জনক ভবনটি মেরামতের ব্যবস্থা না হওয়ায় এখন গাছতলায় ক্লাশ চলিতেছে।

**রাঙ্গুনিয়া (চট্টগ্রাম) :** রাঙ্গুনিয়া উপজেলা পরিষদের টাকায় নির্মিত কিণ্ডার গার্টেন বিদ্যালয়টি গরুরগোয়াল হিসাবে ব্যবহৃত হইতেছে বলিয়া জানা গিয়াছে।